দৈনিক বাংলা

তারিখ 30 JUL 1992
পৃষ্ঠা 7 কলাম 6

80

# ক্যাম্পাসে গোলাগুলি চলছেই

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা বিশ্ববিদ্যালয়ের মহসিন হল ও সূর্যসেন হলে গত কয়েকদিন যাবৎ উত্তেজনা বিরাজ করছে। দু'টি গ্রুপের মধ্যে কয়েক রাউন্ড

(৭-এর পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাসে (প্রথম পৃষ্ঠার পর)

গুলি বিনিময়ও হয়ে গেছে। জানা গেছে, একটি গ্রুপ চাপ সৃষ্টির মাধ্যমে সংগঠনের একটি সিদ্ধান্ত প্রত্যাহার করিয়ে নেয়ার চেষ্টা চালাচ্ছে।

### পরীক্ষার্থী প্রহৃত

বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে একজন পরীক্ষার্থী প্রহৃত হয়েছে। ব্যবস্থাপনা বিভাগের (সম্মান) পরীক্ষার্থী বাবুল দত্তকে দুপুরে অপরাজেয় বাংলার সামনে কয়েকজন তরুণ মারধর করে এবং কাটা রাইফেলের বাট দিয়ে আঘাত করে মাথা ফাটিয়ে দেয়। বাবুলকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।